দৈনিক বাংলা

তারিখ ৭।১।৮২

০৪৩

# ব্রাহ্মণবাড়িয়ায় খাল খনন উদ্বোধন

(সংবাদদাতা)

ব্রাহ্মণবাড়িয়া, ৫ই জানুয়ারী।—জাতীয় সংসদের হুইপ জনাব হারুন-অর-রশীদ আজ ব্রাহ্মণবাড়িয়া থানার দুগ্যাপী খাল খননের উদ্বোধন করেন। প্রায় ৫ হাজার ছাত্র শিক্ষক, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, মেম্বার এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দলের কর্মীবৃন্দও খাল খাল খননের কাজে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করেন। ব্রাহ্মণবাড়িয়া মহকুমা প্রশাসক খাল খননের কাজে অংশ গ্রহণ করেন।